হবিগঞ্জে ৩ লাখ ৪১ হাজার ৪৫৭ শিশুকে খাওয়ানো হবে ভিটামিন এ ক্যাপসুল

চেম্বার ডেস্ক:: হবিগঞ্জে এবার ৩ লাখ ৪১ হাজার ৪৫৭ জন শিশুকে ভিটামিন এ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

আগামী ৪ থেকে ৭ জুন পর্যন্ত জেলার ৮ উপজেলা ও ২টি পৌরসভায় এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে হবিগঞ্জ সদর আধুনিক হাসপাতাল কার্যালয়ের সভা কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন ডেপুটি সিভিল সার্জন ডা. মুখলিছুর রহমান উজ্জ্বল।

তিনি জানান, শিশুদের মধ্যে ১২ থেকে ৫৯ মাস বয়সী ৩০০৩১৫ জন পাবে লাল রঙের ক্যাপসুল এবং ৬ থেকে ১১ মাস বয়সী ৪১১৪২ জন পাবে নীল রঙের ক্যাপসুল। এছাড়াও জেলার ১ হাজার ৯১২টি অস্থায়ী কেন্দ্রে ক্যাম্পেইন সফলের জন্য ৩ হাজার ৮১৪ জন কর্মকর্তা-কর্মচারী কর্মরত থাকবেন।

সংবাদ সম্মেলনে অন্যানদের মধ্যে উপস্থিত ছিলেন- হবিগঞ্জের সিভিল সার্জন ডাঃ মোঃ নূরুল হক, হবিগঞ্জ প্রেসক্লাব সভাপতি রাসেল চৌধুরী ও সাধারণ সম্পাদক রাশেদ আহমেদ খান, সাবেক সভাপতি মোঃ ফজলুর রহমান, সাবেক সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা রফিকসহ স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা এবং বিভিন্ন প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।